গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি
# Governance Performance Monitoring System-GPMS
# কর্মপরিকল্পনা ২০২৬-২৭

**(চূড়ান্ত)**

**GPMS**

**উপজেলা কৃষি অফিসারের কার্যালয়**
**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর**
**গোসাইরহাট, শরীয়তপুর**

# ভূমিকা

সরকারের সংস্কার কার্যক্রম বাস্তবায়ন, প্রশাসনিক দক্ষতা বৃদ্ধি এবং সরকারি অফিসসমূহে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে ২০২৫-২৬ অর্থবছর হতে 'সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (Governance Performance Monitoring System-GPMS)' প্রবর্তন করা হয়েছে।এটি একটি নিয়মিত, কাঠামোবদ্ধ ও তথ্যপ্রযুক্তিনির্ভর কর্মসম্পাদন পরিবীক্ষণ ব্যবস্থা, যার মাধ্যমে সরকারি প্রতিষ্ঠানসমূহের পরিকল্পনা, বাস্তবায়ন ও ফলাফল মূল্যায়নের একটি সমন্বিত কাঠামো গড়ে তোলা হয়েছে।GPMS এর মাধ্যমে সরকারি অফিসসমূহের কার্যক্রমকে ফলাফলভিত্তিক ও লক্ষ্যনির্ভরভাবে পরিচালনার পাশাপাশি সুশাসন প্রতিষ্ঠা, কার্যসম্পাদনের গুণগত মান উন্নয়ন এবং জবাবদিহিতা নিশ্চিত করার সুযোগ সৃষ্টি হয়েছে।

সরকারি অফিসসমূহ তাদের কার্যপরিধি (Allocation of Business), সরকারের নীতি, পরিকল্পনা, উন্নয়ন অগ্রাধিকার এবং কৌশলগত লক্ষ্যসমূহ বিবেচনায় নিয়ে নির্ধারিত কাঠামো অনুযায়ী GPMS প্রণয়ন করে সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল করে থাকে।২০২৫-২৬ অর্থবছরে উপদেষ্টা পরিষদের সিদ্ধান্তের আলোকে প্রস্তুতকৃত নির্দেশিকা অনুযায়ী ৫৩টি মন্ত্রণালয়/বিভাগ GPMS কার্যক্রম বাস্তবায়ন শুরু করে। পরবর্তীতে ২০২৬-২৭ অর্থবছর হতে মন্ত্রণালয়/বিভাগের পাশাপাশি দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের অফিসসমূহকেও GPMS কার্যক্রমের আওতায় অন্তর্ভুক্ত করা হয়েছে।এরই ধারাবাহিকতায় কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের অফিসসমূহ যেমন- অতিরিক্ত পরিচালকের কার্যালয়, উপপরিচালকের কার্যালয়, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, হর্টিকালচার সেন্টার এবং উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে GPMS বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

GPMS এর আওতায় প্রতিটি অফিসকে একটি বাস্তবসম্মত, ফলাফলভিত্তিক ও লক্ষ্যনির্ভর ৩ (তিন) বছর মেয়াদি আবর্তক পরিকল্পনা প্রণয়ন করতে হয়, যেখানে প্রত্যেক অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা অন্তর্ভুক্ত থাকে।ধারাবাহিকতা বজায় রাখার লক্ষ্যে প্রতি অর্থবছরের শুরুতে পরিকল্পনায় আরও একটি নতুন অর্থবছর সংযোজন করা হয়।এ পরিকল্পনার ভিত্তিতে সংশ্লিষ্ট অফিস বিবেচ্য অর্থবছরের জন্য কর্মসম্পাদন পরিকল্পনা প্রণয়ন করে এবং বছরব্যাপী সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক তা নিয়মিত পরিবীক্ষণ করা হয়।অর্থবছর শেষে GPMS এর অংশ হিসেবে সংশ্লিষ্ট অফিস একটি কৌশলগত প্রতিবেদন দাখিল করে, যা ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনা, বার্ষিক কর্মসম্পাদন পরিকল্পনা এবং অর্জিত ফলাফলের আলোকে মূল্যায়িত হয়।সরকারি কার্যক্রমের ধরন ও পারফরম্যান্সের ভিত্তিতে মন্ত্রণালয়/বিভাগসমূহকে ৭ (সাত) টি গুচ্ছ/ক্লাস্টারে বিভক্ত করে মূল্যায়নের ব্যবস্থাও গ্রহণ করা হয়েছে।

GPMS কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ প্রতি অর্থবছরের শুরুতে 'সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS) প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা' প্রকাশ করে থাকে।উক্ত নির্দেশিকায় সরকারের নীতি, পরিকল্পনা, অগ্রাধিকার এবং বাজেট কাঠামোর সাথে সামঞ্জস্য রেখে GPMS প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নের প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়।২০২৬-২৭ অর্থবছরের জন্য প্রস্তুতকৃত নির্দেশিকায় ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনা, বার্ষিক কর্মসম্পাদন পরিকল্পনা এবং অর্থবছর শেষে কৌশলগত প্রতিবেদন দাখিলের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা সংযোজন করা হয়েছে।এ নির্দেশিকা GPMS-এর আওতাভুক্ত সকল অফিসের জন্য প্রযোজ্য হবে।

উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, শরীয়তপুর একটি গুরুত্বপূর্ণ মাঠ পর্যায়ের আঞ্চলিক অফিস হিসেবে কৃষি উন্নয়ন, প্রযুক্তি সম্প্রসারণ, কৃষক প্রশিক্ষণ, পরিবেশবান্ধব কৃষি ব্যবস্থা গড়ে তোলা এবং সরকারের কৃষি উন্নয়ন নীতি বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।মাঠ পর্যায়ে কৃষি সেবা কার্যক্রমকে আরও ফলপ্রসূ, গতিশীল ও জবাবদিহিমূলক করার লক্ষ্যে ২০২৬-২৭ অর্থবছরের

GPMS কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।এ কর্মপরিকল্পনার মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি, আধুনিক প্রযুক্তি সম্প্রসারণ, ডিজিটাল কৃষি সেবা উন্নয়ন, প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি এবং কৃষকের জীবনমান উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করা সম্ভব হবে বলে প্রত্যাশা করা যায়।

# সূচিপত্র


| ক্র.নং | শিরোনাম | পৃষ্ঠা নং |
|---|---|---|
| 1 | উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র | 0৪ |
| 2 | উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গোসাইরহাট, শরীয়তপুর এর<br>GPMS বিষয়ক টিম | 0৫ |
| 3 | GPMS এর মুল কাঠামো: ভিশন, মিশন এবং ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনা (সেকশন-১) | 06 |
| 4 | ২০২৬-২৭ অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা (সেকশন-২) | 08 |
| 5 | কৌশলগত বিষয় সংক্রান্ত প্রতিবেদন (সেকশন ৩) | 09 |
| 6 | সংযোজনী ১: শব্দসংক্ষেপ | 11 |
| 7 | কৌশলগত বিষয় সংক্রান্ত প্রতিবেদন (সেকশন ৩) সংযোজনী ২: বিস্তারিত পরিকল্পনা (প্রযোজ্য ক্ষেত্রে) | 12 |
| 8 | কৌশলগত বিষয় সংক্রান্ত প্রতিবেদন (সেকশন ৩) সংযোজনী ৩: কর্মসম্পাদনের প্রমাণক | 14 |
| 9 | অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল কার্যক্রমসমূহ, সংযোজনী ৪ | 16 |
| 10 | উপসংহার | 16 |

## উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the Upazila Office)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর কর্মকান্ডের মূল কেন্দ্রবিন্দুই হলো সরেজমিন উইং।গবেষণা প্রতিষ্ঠান উদ্ভাবিত আধুনিক প্রযুক্তি মূলতঃ সরেজমিন উইং কৃষকের নিকট সম্প্রসারণ করছে।মাঠ পর্যায়ে বার্ষিক কৃষি সম্প্রসারণ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন এ উইং এর মূল কাজ।ক্রমহ্রাসমান চাষযোগ্য জমি থেকে ক্রমবর্ধমান জনগোষ্ঠির খাদ্য ও পুষ্টি চাহিদা পুরণের লক্ষ্যে কৃষি সম্প্রসারণ এর অধিন সরেজমিন উইং কৃষকের নিকট চাহিদা অনুযায়ী প্রযুক্তি হস্তান্তরের মাধ্যমে বিগত তিন বছরে চাল, গম, ভুট্টা ও আলুসহ শাক-সবজির উৎপাদন বৃদ্ধি করতে সক্ষম হয়েছে।সম্প্রসারণ কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে বিগত তিন বছরে শরীয়তপুর জেলার গোসাইরহাট উপজেলায় হেক্টর প্রতি চাল উৎপাদন ২.২০ মেঃটন থেকে বৃদ্ধি পেয়ে ২.৫০ মেঃটন এ উন্নীত হয়েছে। ২০৪৫-২৫ এর তুলনায় ২০২৫-২৬ অর্থবছরে চালের হেক্টর প্রতি উৎপাদন ০.১০ মেঃ টন বৃদ্ধি পেয়েছে।খাদ্যশস্য উৎপাদনে সয়ংসম্পূর্ণতা অর্জনের লক্ষ্যে বিভিন্ন ফসলের আধুনিক ও ঘাত সহিঞ্চু জাত, পানি সাশ্রয়ী প্রযুক্তি, সুষম মাত্রায় সার ব্যবহার, পার্চিং, আধুনিক চাষাবাদ, গুটি ইউরিয়ার ব্যবহার বৃদ্ধি, মানসম্পন্ন বীজ উৎপাদন ও সংরক্ষণ, মাটির স্বাস্থ্য সুরক্ষায় জৈব ও সবুজ সার তৈরী ও ব্যবহার বৃদ্ধি ইত্যাদি প্রযুক্তি সম্প্রসারণে সাফল্য অর্জিত হয়েছে।এছাড়া অত্র উপজেলায় প্রদর্শণী স্থাপন, কৃষক প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণের মাধ্যমে উচ্চ ফলনশীল সরিষার আবাদ বৃদ্ধি ও মৌমাছি পালনের কারণে সরিষার উৎপাদন ব্যাপক বৃদ্ধি পেয়েছে।মোট জনগোষ্ঠীর প্রায় অর্ধেক নারীকে কৃষিতে সম্পৃক্তায়নের লক্ষ্যে নারীসহ বিগত তিন বছরে প্রায় ৩৫০০ জন কৃষক- কৃষাণীকে লাগসই আধুনিক প্রযুক্তির উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জেসমূহ:**

দেশে প্রতিবছর চাষযোগ্য জমি হ্রাস পাওয়ায় ক্রমবর্ধমান জনগোষ্ঠির বিশাল খাদ্য ও পুষ্টি চাহিদা পুরণার্থে টেকসই ফসল উৎপাদন নিশ্চিতকরণ, জলবায়ুগত পরিবর্তনজনিত ঝুঁকি মোকাবেলা ও দুর্যোগপূর্ণ এলাকায় চাহিদা ভিত্তিক প্রযুক্তি সম্প্রসারণ, জমির স্বাস্থ্য, উর্বরতা শক্তি রক্ষার মাধ্যমে জমির উৎপাদনশীলতা বৃদ্ধি, ক্রপজোনিং, সেচ কার্যে ভূ-গর্ভস্থ পানির ব্যবহার কমিয়ে ভূ-উপরিস্থ পানির দক্ষ ব্যবহার, সুষম মাত্রায় ও দক্ষভাবে সারসহ অন্যান্য উপকরণ ব্যবহার নিশ্চিতকরণ, কৃষিতে নারীর সম্পৃক্তায়ন এবং দক্ষতা বৃদ্ধিকরণ, সম্প্রসারণ কর্মীর দক্ষতা উন্নয়ন এবং কৃষক/কৃষাণীদের প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকরণ।ভবিষ্যৎ পরিকল্পনা:

মাটির স্বাস্থ্য সুরক্ষা ও সার ব্যবস্থাপনা পরিবেশ বান্ধব প্রযুক্তি সম্প্রসারণ, জলবায়ুগত পরিবর্তনের কারণে সম্ভাব্য দুর্যোগপ্রবণ এলাকার উপযোগী কৃষি প্রযুক্তি সম্প্রসারণ, সেচ কার্যে ভূ-উপরিস্থ ও বৃষ্টির পানির দক্ষ ব্যবহার, চাষী পর্যায়ে মানসম্পন্ন বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ, মানসম্পন্ন ও রপ্তানীযোগ্য ফল, সবজি চাষ এলাকা সম্প্রসারণ, বসতবাড়ির আঙ্গিনার কার্যকর ব্যবহার, শস্য বিন্যাসে ডাল,তৈল , মসলা ও সবজিজাতীয় ফসল অন্তর্ভুক্ত করে ফসলের বহুমূখীতা এবং নিবিড়তা বৃদ্ধি, “বাংলা গ্যাপ” সুচনা এবং বাস্তবায়নের মাধ্যমে নিরাপদ খাদ্য উৎপাদন, সম্প্রসারণ কর্মীও প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতা উন্নয়ন, কৃষক/কৃষাণীদের প্রযুক্তিগত জ্ঞান বৃদ্ধিকরণ, দ্রুত প্রযুক্তি বিস্তারে ই-কৃষি প্রবর্তন, খামার যান্ত্রীকীকরণ, শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন।

**২০২৫-২৬ র্অথবছররে সম্ভাব্য প্রধান র্অজনসমূহ:**

1. সম্প্রসারণ কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে ২০২৫-২৬ অর্থবছরে চালের মোট উৎপাদন ২৮,৬০০ মেঃ টন, পাট ১৫৫০০ মেঃ টন, সরিষা ১৫২০ মেঃ টন, মরিচ (কাঁচা) ৯,৭০০ মেঃ টন , পান ১৫০০ মেঃ টন , নতুন ফসল হিসেবে ২২ হেক্টর জমিতে সূর্যমুখীর চাষ ।
2. লাগসই আধুনিক আধুনিক প্রযুক্তির উপর কৃষক/কৃষাণীকে প্রশিক্ষণ প্রদান।

3. আধুনিক প্রযুক্তির উপর ১২ জন সম্প্রসারণ কর্মীকে প্রশিক্ষণ প্রদান।
4. আধুনিক জাত ও প্রযুক্তি সম্প্রসারণে ২২০ টি প্রদর্শনী স্থাপন।
5. আধুনকি জাত ও প্রযুক্তি সম্প্রসারণে ব্যাপক প্রর্দশণী স্থাপন এবং তলেজাতীয় ফসলরে উৎপাদন বৃদ্ধতিে প্রর্দশনী স্থাপনরে মাধ্যমে মাঠ র্পযায়ে কৃষরি সম্প্রসারণ ও বাস্তবায়ন।
6. নিরাপদ শাকসবজি ও ফল উৎপাদন, ডাল, তলে, ও মসলা জাতীয় ফসলরে আবাদ ও উৎপাদন বৃদ্ধি ও সম্প্রসারণ।
7. র্অথকারী ফসল পাটরে আবাদ ও উৎপাদন বৃদ্ধি।
8. কৃষক র্পযায়ে ইউরয়িা ও নন- ইউরয়িা সাররে সুষম ব্যবহার বৃদ্ধকিরণ।.

উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ের GPMS টিম গঠন:

Governance Performance Monitoring System (GPMS) প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নের নিমিত্ত অত্র উপজেলায় জিপিএমএস টিম গঠন করা হয়েছে।অত্র দপ্তরের GPMS টিম গঠনের সময় ইউনিয়ন পর্যায়ের একজন কর্মকর্তাকে টিমে অন্তর্ভুক্ত করা হয়।একজন জিপিএমএস টিম লিডার, একজন ফোকাল পয়েন্ট , একজন বিকল্প ফোকাল পয়েন্টসহ কতিপয় সদস্য নিয়ে এ টিম গঠন করা হয়।

**খ.** উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে **গঠিত GPMS টিম ও GPMS টিমের দায়িত্ব:**

| µ. bs | Kg©KZ©vi bvg,c`ex I Kg©¯'‡ji wVKvbv | GPMS wU‡gi c`ex |
|---|---|---|
| 1 | 2 | 3 |
| 1 | আসিফ আহম্মেদ, কৃষি সম্প্রসারণ অফিসার, গোসাইরহাট | wUg wjWvi |
| 2 | মোঃ খলিল, এসএপিপিও | m`m¨ |
| 3 | এজাজ আল মাকমুদ, এসএএও, আলাওলপুর ইউনিয়ন | m`m¨ |
| 4 | কাজী মিনজাল, এসএএও, কোদালপুর ইউনিয়ন | m`m¨ |
| 5 | মোঃ ফজলুল হক, এসএএও, গোসাইরহাট ইউনিয়ন | m`m¨ |
| 6 | শামীম আহমেদ, এসএএও, কুচাইপট্টি ইউনিয়ন | m`m¨ |
| 7 | জসিম সরদার, এসএএও, নলমুড়ি ইউনিয়ন | m`m¨ |
| 8 | শাকিলা বিলাশ, এসএএও, পৌরসভা | m`m¨ |
| 9 | রুমা রানী, এসএএও, সামন্তসার ইউনিয়ন | m`m¨ |
| 10 | রীমা পারভীন, এসএএও, নাগেরপাড়া ইউনিয়ন | |
| 11 | তরিকুল ইসলাম আকাশ, এসএএও, ইদিলপুর ইউনিয়ন | weKí †dvKvj c‡q›U Kg©KZ©v |
| 12 | মোঃ সাদ্দাম হোসেন, এসএএও, উন্নয়ন শাখা, গোসাইরহাট, শরীয়তপুর | m`m¨ mwPe/†dvKvj c‡q›U |

- GPMS-এর ৩ (তিন) বছর মেয়াদি খসড়া পরিকল্পনা প্রণয়ন, বিবেচ্য অর্থবছরের খসড়া কর্মসম্পাদন পরিকল্পনা প্রণয়ন এবং উর্ধ্বতন অফিসে দাখিল
- যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক চূড়ান্ত পরিকল্পনা, বিবেচ্য অর্থবছরের চূড়ান্ত কর্মসম্পাদন পরিকল্পনা ও বছরশেষে কৌশলগত প্রতিবেদন (Strategic Report) প্রণয়ন এবং উর্ধ্বতন অফিসে দাখিল;
- প্রতি দুই মাসে একবার GPMS এর অগ্রগতি পর্যালোচনা;
- প্রতি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত এবং উর্ধ্বতন অফিসে প্রেরণ,

- বিবেচ্য অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা (সেকশন ২) এর ষান্মাসিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত এবং উর্ধ্বতন অফিসে দাখিল,
- GPMS সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করা;
- GPMS ক্যালেন্ডার ও নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট সকল কাজ সম্পাদন;
- বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত, প্রমাণকের যথার্থতা যাচাই ও সংরক্ষণ এবং স্বমূল্যায়ন প্রতিবেদন অফিস প্রধানের অনুমোদন গ্রহন করে উর্ধ্বতন অফিসে প্রেরণ, এবং
- আওতাধীন অফিসসমূহের GPMS-এর কার্যক্রম তদারকি এবং মূল্যায়ন।

**গ. ইউনিয়ন পর্যায়ের অফিসসমূহে GPMS পরামর্শক পুল গঠন:**

যদিও পরামর্শক পুল এর সদস্যগণ মাঠ পর্যায়ের অফিসসমূহের চাহিদার প্রেক্ষিতে নিম্নলিখিত বিষয়ে সহযোগিতা/পরামর্শ প্রদান করবেন।

ক) ইউনিয়ন পর্যায়ের অফিসের GPMS প্রণয়নে;

খ) ইউনিয়ন পর্যায়ের অফিসের GPMS পরিবীক্ষণ ও মূল্যায়নে;

গ) ইউনিয়ন পর্যায়ের অফিসের GPMS- এর মানোন্নয়নে;

ঘ) ইউনিয়ন পর্যায়ের অফিসের GPMS সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে।

# ঘ. GPMS-এর মূল কাঠামো

## সেকশন ১

## (রূপকল্প, অভিলক্ষ্য এবং ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনা)

**১.১ রূপকল্প (Vision):** ফসলের টেকসই উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি।

**১.২ অভিলক্ষ্য (Mission):** সকল শ্রেণীর কৃষকদের টেকসই ও লাভজনক ফসল উৎপাদন বৃদ্ধি নিশ্চিত করণের লক্ষ্যে দক্ষ, ফলপ্রসূ, বিকেন্দ্রীকৃত, এলাকানির্ভর, চাহিদাভিত্তিক এবং সমন্বিত কৃষি সম্পসারণ সেবা প্রদানের মাধ্যমে সকল শ্রেণির কৃষকের প্রযুক্তি জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকরণ।

**১.৩ ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনা:**

উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, শরীয়পুর এর ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনার ছক

| ক্র. নং | পরিকল্পনা | বছরভিত্তিক লক্ষ্যমাত্রা (বরাদ্দ অনুসারে) | | |
|---|---|---|---|---|
| | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| 1 | আধুনিক কৃষি প্রযুক্তি সম্প্রসারণ | ১। আওতাধীন উপজেলার বরাদ্দ অনুসারে 100% প্রদর্শনী কার্যক্রম বাস্তবায়ন।<br>২। আওতাধীন উপজেলার বরাদ্দ অনুসারে 100% ফলোআপ কার্যক্রম বাস্তবায়ন।<br>৩।বরাদ্দকৃত আয়োজিত মাঠ দিবস/কৃষক সমাবেশের | ১। আওতাধীন উপজেলার বরাদ্দ অনুসারে 100% প্রদর্শনী কার্যক্রম বাস্তবায়ন।<br>২। আওতাধীন উপজেলার বরাদ্দ অনুসারে 100% ফলোআপ কার্যক্রম বাস্তবায়ন।<br>৩।বরাদ্দকৃত আয়োজিত মাঠ দিবস/কৃষক সমাবেশের | ১। আওতাধীন উপজেলার বরাদ্দ অনুসারে 100% প্রদর্শনী কার্যক্রম বাস্তবায়ন।<br>২। আওতাধীন উপজেলার বরাদ্দ অনুসারে 100% ফলোআপ কার্যক্রম বাস্তবায়ন।<br>৩।বরাদ্দকৃত আয়োজিত মাঠ দিবস/কৃষক সমাবেশের |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ১00% বাস্তবায়ন। ৪। বরাদ্দ অনুসারে নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য উদ্বুদ্ধকরণ ভ্রমন ১00% বাস্তবায়ন। | ১00% বাস্তবায়ন। ৪। বরাদ্দ অনুসারে নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য উদ্বুদ্ধকরণ ভ্রমন ১00% বাস্তবায়ন। | ১00% বাস্তবায়ন। ৪। বরাদ্দ অনুসারে নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য উদ্বুদ্ধকরণ ভ্রমন ১00% বাস্তবায়ন। |
| ২ | ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ | ৫। প্রণোদনার আওতায় বরাদ্দকৃত কৃষক সংখ্যার ১00% উপকরণ সরবরাহ। | ৫। প্রণোদনার আওতায় বরাদ্দকৃত কৃষক সংখ্যার ১00% উপকরণ সরবরাহ। | ৫। প্রণোদনার আওতায় বরাদ্দকৃত কৃষক সংখ্যার ১00% উপকরণ সরবরাহ। |
| ৩ | কৃষকের দক্ষতা উন্নয়ন | ৬। বরাদ্দকৃত ব্যাচভিত্তিক ১00% কৃষক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন। | ৬। বরাদ্দকৃত ব্যাচভিত্তিক ১00% কৃষক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন। | ৬। বরাদ্দকৃত ব্যাচভিত্তিক ১00% কৃষক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন। |
| ৪ | কর্ম ব্যবস্থাপনায় পেশাদারিত্বের উন্নয়ন | ১।জেলার আওতাধীন বিভিন্ন প্রকল্পসমূহ হতে প্রস্তাবিত প্রশিক্ষণ ১00% কার্যক্রম পরিচালনা।<br>২।উদ্ভাবন কার্যক্রম হিসাবে ডি-নথি বাস্তবায়ন ১0% অগ্রগতি ও ওয়েব পোর্টালের ব্যবহার।<br>৩।উদ্ভাবন কার্যক্রম হিসাবে 20% ওয়েব পোর্টালের ব্যবহার।<br>৪। কর্মকর্তাদের পরিদর্শিত মাঠ পর্যায়ের কৃষি সম্প্রসারণ কার্যক্রম বৃদ্ধিকরণ।<br>৫। সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও তথ্য অধিকার বিষয়ক কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি। | ১।জেলার আওতাধীন বিভিন্ন প্রকল্পসমূহ হতে প্রস্তাবিত প্রশিক্ষণ ১00% কার্যক্রম পরিচালনা।<br>২।উদ্ভাবন কার্যক্রম হিসাবে ডি-নথি বাস্তবায়ন ১5% অগ্রগতি ও ওয়েব পোর্টালের ব্যবহার।<br>৩।উদ্ভাবন কার্যক্রম হিসাবে 30% ওয়েব পোর্টালের ব্যবহার।<br>৪। কর্মকর্তাদের পরিদর্শিত মাঠ পর্যায়ের কৃষি সম্প্রসারণ কার্যক্রম বৃদ্ধিকরণ।<br>৫। সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও তথ্য অধিকার বিষয়ক কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি। | ১।জেলার আওতাধীন বিভিন্ন প্রকল্পসমূহ হতে প্রস্তাবিত প্রশিক্ষণ ১00% কার্যক্রম পরিচালনা।<br>২।উদ্ভাবন কার্যক্রম হিসাবে ডি-নথি বাস্তবায়ন 20% অগ্রগতি ও ওয়েব পোর্টালের ব্যবহার।<br>৩।উদ্ভাবন কার্যক্রম হিসাবে 40% ওয়েব পোর্টালের ব্যবহার।<br>৪। কর্মকর্তাদের পরিদর্শিত মাঠ পর্যায়ের কৃষি সম্প্রসারণ কার্যক্রম বৃদ্ধিকরণ।<br>৫। সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও তথ্য অধিকার বিষয়ক কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৬। শূন্যপদ পূরণের জন্য জনবলের তথ্য উর্ধ্বর্তন অফিসে প্রেরণ। | ৬। শূন্যপদ পূরণের জন্য জনবলের তথ্য উর্ধ্বর্তন অফিসে প্রেরণ। | ৬। শূন্যপদ পূরণের জন্য জনবলের তথ্য উর্ধ্বর্তন অফিসে প্রেরণ। |
| ৫ | সরকারি অর্থ সাশ্রয় ও জবাবদিহিতা নিশ্চিতকরণ | 1। ক্রয় পরিকল্পনা 20-06-2026 তারিখের মধ্যে ওয়েব সাইটে প্রকাশ।<br>2।রাজস্ব ও বিভিন্ন প্রকল্পের অডিট আপত্তি ১০০ % নিষ্পত্তিকরণ।<br>3।কৃষি প্রণোদনা ও পুনর্বাসন বাবদ ছাড়কৃত ১০০% অর্থের সমন্বয়। | 1। ক্রয় পরিকল্পনা 18-06-2027 তারিখের মধ্যে ওয়েব সাইটে প্রকাশ।<br>2।রাজস্ব ও বিভিন্ন প্রকল্পের অডিট আপত্তি ১০০ % নিষ্পত্তিকরণ।<br>3।কৃষি প্রণোদনা ও পুনর্বাসন বাবদ ছাড়কৃত ১০০% অর্থের সমন্বয়। | 1। ক্রয় পরিকল্পনা 15-06-2027 তারিখের মধ্যে ওয়েব সাইটে প্রকাশ।<br>2।রাজস্ব ও বিভিন্ন প্রকল্পের অডিট আপত্তি ১০০ % নিষ্পত্তিকরণ।<br>3।কৃষি প্রণোদনা ও পুনর্বাসন বাবদ ছাড়কৃত ১০০% অর্থের সমন্বয়। |
| ৬ | কৃষি উপকরণের সহজলভ্যতা ও সরবরাহ বৃদ্ধিকরণ | ১। নিস্পত্তিকৃত সার ও বালাইনাশকের ১০০% পাইকারি ও খুচরা ডিলারের লাইসেন্স/নিবন্ধন/নবায়ন আবেদন।<br>২। পরিদর্শনকৃত সার ও বালাইনাশকের পাইকারি ও খুচরা ডিলার বিক্রেতা।<br>৩। উদ্যোক্তাগণের জৈবসার উৎপাদন।<br>৪।জৈবসার দ্বারা আবাদকৃত জমির পরিমান বৃদ্ধিকরণ।<br>5। গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তিসমূহের সম্প্রসারণ ও ব্যবহার বৃদ্ধি।<br>৬।মাটির পৃষ্টি উপাদান মাত্রা বিবেচনা করে সারের মাত্রা নির্ধারণে মাঠ পর্যায়ে প্রচারণা বৃদ্ধিকরণ। | ১। নিস্পত্তিকৃত সার ও বালাইনাশকের ১০০% পাইকারি ও খুচরা ডিলারের লাইসেন্স/নিবন্ধন/নবায়ন আবেদন।<br>২। পরিদর্শনকৃত সার ও বালাইনাশকের পাইকারি ও খুচরা ডিলার বিক্রেতা।<br>৩। উদ্যোক্তাগণের জৈবসার উৎপাদন।<br>৪।জৈবসার দ্বারা আবাদকৃত জমির পরিমান বৃদ্ধিকরণ।<br>5। গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তিসমূহের সম্প্রসারণ ও ব্যবহার বৃদ্ধি।<br>৬।মাটির পৃষ্টি উপাদান মাত্রা বিবেচনা করে সারের মাত্রা নির্ধারণে মাঠ পর্যায়ে প্রচারণা বৃদ্ধিকরণ। | ১। নিস্পত্তিকৃত সার ও বালাইনাশকের ১০০% পাইকারি ও খুচরা ডিলারের লাইসেন্স/নিবন্ধন/নবায়ন আবেদন।<br>২। পরিদর্শনকৃত সার ও বালাইনাশকের পাইকারি ও খুচরা ডিলার বিক্রেতা।<br>৩। উদ্যোক্তাগণের জৈবসার উৎপাদন।<br>৪।জৈবসার দ্বারা আবাদকৃত জমির পরিমান বৃদ্ধিকরণ।<br>5। গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তিসমূহের সম্প্রসারণ ও ব্যবহার বৃদ্ধি।<br>৬।মাটির পৃষ্টি উপাদান মাত্রা বিবেচনা করে সারের মাত্রা নির্ধারণে মাঠ পর্যায়ে প্রচারণা বৃদ্ধিকরণ। |
| ৭ | সরকারের অগ্রাধিকার ভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন | ১। সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নে ২০২৬-২৭ অর্থ বছরে বৃক্ষ রোপন এর কর্মপরিকল্পনা ও কর্মকৌশল বরাদ্দের ১০০% বাস্তবায়ন। | ১। সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নে ২০২৬-২৭ অর্থ বছরে বৃক্ষ রোপন এর কর্মপরিকল্পনা ও কর্মকৌশল বরাদ্দের ১০০% বাস্তবায়ন। | ১। সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নে ২০২৬-২৭ অর্থ বছরে বৃক্ষ রোপন এর কর্মপরিকল্পনা ও কর্মকৌশল বরাদ্দের ১০০% বাস্তবায়ন। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২।স্বচ্ছতা, জবাবদিহিতা ও দ্রুততার সাথে অনুমোদিত কৃষক কার্ড ১০০% বাস্তবায়ন।<br>৩। প্রয়োজনীয়তা ও অগ্রাধিকার ভিত্তিতে বন্ধ হয়ে যাওয়া খাল খনন অনুমোদিত কার্যক্রমের ১০০% বাস্তবায়ন। | ২।স্বচ্ছতা, জবাবদিহিতা ও দ্রুততার সাথে অনুমোদিত কৃষক কার্ড ১০০% বাস্তবায়ন।<br>৩। প্রয়োজনীয়তা ও অগ্রাধিকার ভিত্তিতে বন্ধ হয়ে যাওয়া খকাল খনন অনুমোদিত কার্যক্রমের ১০০% বাস্তবায়ন। | ২।স্বচ্ছতা, জবাবদিহিতা ও দ্রুততার সাথে অনুমোদিত কৃষক কার্ড ১০০% বাস্তবায়ন।<br>৩। প্রয়োজনীয়তা ও অগ্রাধিকার ভিত্তিতে বন্ধ হয়ে যাওয়া খকাল খনন অনুমোদিত কার্যক্রমের ১০০% বাস্তবায়ন। |

# সেকশন ২

**(২০২৬-২৭ অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা)**

| কর্মসম্পাদন ক্ষেত্র | পরিকল্পনার ক্র.নং | ফলাফল নির্দেশক কার্যক্রম | পরিমাপকের একক | নির্দেশকের মান | প্রকৃত অর্জন (২০২৫-২৬) | লক্ষ্যমাত্রা (২০২৬-২৭) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| [১] সেবা প্রদান [মান-৩৫] | ১ | [১] স্থাপিত প্রদর্শনী | % | 3 | 100 | 100 |
| | ১ | [২] স্থাপিত ফলোআপ | % | 4 | 100 | 100 |
| | ১ | [3] আয়োজিত মাঠ দিবস/কৃষক সমাবেশ | % | 3 | 100 | 100 |
| | ১ | [4] নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য আয়োজিত উদ্বুদ্ধকরণ ভ্রমন | % | 3 | 100 | 100 |
| | ১ | [5] প্রণোদনার আওতায় সহায়তা প্রাপ্ত কৃষক | % | 4 | 100 | 100 |
| | ৭ | [6] কৃষক কার্ড বিতরণ | % | 3 | 100 | 100 |
| | ১ | [৭] প্রশিক্ষিত কৃষক | % | 3 | 100 | 100 |
| | 2 | [৮] প্রশিক্ষিত কর্মকর্তা | % | 3 | 100 | 100 |
| | ২ | [৯] অনলাইনে প্রাপ্ত অভিযোগ নিস্পত্তি | % | 3 | 100 | 100 |
| | ২ | [১০] সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন | % | 3 | 100 | 100 |
| | ২ | [১১] তথ্য অধিকার বিষয়ক কার্যক্রম পরিচালনা | % | 3 | 100 | 100 |
| [২] উদ্ভাবন ও সংস্কার কার্যক্রম [মান-15] | ২ | [১2] ডি-নথি বাস্তবায়ন অগ্রগতি | % | 3 | 100 | 100 |
| | ২ | [১3] ওয়েব পোর্টাল হালনাগাদ | % | 3 | 100 | 100 |
| | 2 | [১৪] ফসলের নতুন জাত ও গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত অন্যান্য প্রযক্তি সম্প্রসারণ | % | 3 | 100 | 100 |
| | 2 | [১৫] কৃষককে মোবাইল/অনলাইনে কৃষি পরামর্শ প্রদান | % | 3 | 100 | 100 |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | ৭ | [১৬] খাল খননের মাধ্যমে সংস্কারকরণ | % | 3 | 100 | 100 |
| [৩] প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা [মান-15] | 2 | [১৭] কর্মকর্তাদের পরিদর্শিত মাঠ পর্যায়ের কৃষি সম্প্রসারণ কার্যক্রম | সংখ্যা | 3 | 10 | 12 |
| | ৩ | [1৮] নিস্পত্তিকৃত সার ও বালাইনাশকের পাইকারি ও খুচরা ডিলারের লাইসেন্স/নিবন্ধন/নবায়ন আবেদন | % | 3 | 100 | 100 |
| | 3 | [১৯] পরিদর্শনকৃত সার ও বালাইনাশকের পাইকারি ও খুচরা ডিলার বিক্রেতা | সংখ্যা | 3 | 12 | 12 |
| | 3 | [২০] সারের নমুনা, ভেজাল সার উৎপাদন, সংরক্ষণ ও বাজারজাতকরনে ব্যবস্থাপনা | % | 3 | 100 | 100 |
| | 2 | [২১] শূণ্য পদ সংক্রান্ত উর্ধ্বতনকে অবহিতকরণ | সংখ্যা | 3 | 12 | 12 |
| [৪] উন্নয়ন সংশ্লিষ্ট ও অন্যান্য কার্যক্রম [মান-15] | ৩ | [২২] উদ্যোক্তাগণের জৈবসার উৎপাদন | মে.টন | 3 | 50 | 80 |
| | ৩ | [২৩] জৈবসার দ্বারা আবাদকৃত জমির পরিমান | হেক্টর | 3 | 110 | 150 |
| | ৩ | [২৪] বৃক্ষ রোপন কার্যক্রম পরিচালনা | % | 4 | 100 | 100 |
| | ২ | [২৫] ক্রয় পরিকল্পনা ওয়েব সাইটে প্রকাশ | তারিখ | 4 | 20-06-26 | 20-06-27 |

# সেকশন ৩

## (উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ের কৌশলগত বিষয় সংক্রান্ত প্রতিবেদন)

দেশের কৃষি উন্নয়ন, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং কৃষকের আর্থসামাজিক উন্নয়নে উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।সরকারের কৃষিবান্ধব নীতি বাস্তবায়নের ধারাবাহিকতায় অত্র কার্যালয়ের আওতাধীন ইউনিয়ন পর্যায়ের অফিসসমূহ আধুনিক, টেকসই ও প্রযুক্তিনির্ভর কৃষি সম্প্রসারণ কার্যক্রম বাস্তবায়ন করে কৃষকের দোরগোড়ায় সেবা পৌঁছে দিচ্ছে।সরকারি

কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS)-এর আওতায় ২০২৬-২৭ অর্থবছরের কর্মপরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে সেবা প্রদান, উদ্ভাবন ও সংস্কার, প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি এবং উন্নয়নমূলক কার্যক্রমকে আরও গতিশীল, জবাবদিহিমূলক ও ফলপ্রসূ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

ফসলের টেকসই উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি নিশ্চিত করা এবং কৃষকের আয় ও জীবনমান উন্নয়ন করা অত্র উপজেলার কৃষি সম্প্রসারণ কার্যক্রমের মূল লক্ষ্য।এ লক্ষ্যে মাঠ পর্যায়ে আধুনিক ও জলবায়ু সহিষ্ণু প্রযুক্তি সম্প্রসারণ, প্রদর্শনী স্থাপন, ফলোআপ কার্যক্রম, মাঠ দিবস আয়োজন, কৃষক মাঠ স্কুল, কৃষক সমাবেশ এবং উদ্বুদ্ধকরণ ভ্রমণ বাস্তবায়ন করা হচ্ছে।গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত উচ্চ ফলনশীল ও ঘাত সহনশীল জাত মাঠ পর্যায়ে সম্প্রসারণের মাধ্যমে কৃষকদের আধুনিক প্রযুক্তি গ্রহণে উৎসাহিত করা হবে।চাল, গম, ভুট্টা, পাট, তেল, ডাল, মসলা, শাকসবজি ও অন্যান্য অর্থকরী ফসলের উৎপাদন বৃদ্ধিতে এ কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলা করে টেকসই কৃষি ব্যবস্থা গড়ে তোলা অত্র জেলার অন্যতম কৌশলগত অগ্রাধিকার।প্রতিবছর বন্যা, খরা, অতিবৃষ্টি, নদীভাঙন ও প্রাকৃতিক দুর্যোগ কৃষি উৎপাদনে নেতিবাচক প্রভাব ফেলছে।এ প্রেক্ষাপটে স্বল্পমেয়াদি, খরা সহিষ্ণু, জলাবদ্ধতা সহিষ্ণু ও উচ্চ ফলনশীল জাত সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।পাশাপাশি পানি সাশ্রয়ী প্রযুক্তি ব্যবহার, মাটির স্বাস্থ্য সুরক্ষা, জৈবসার উৎপাদন বৃদ্ধি এবং পরিবেশবান্ধব কৃষি প্রযুক্তি সম্প্রসারণে গুরুত্ব প্রদান করা হবে।

প্রণোদনার আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে কৃষি উপকরণ বিতরণ কার্যক্রম কৃষি উৎপাদন বৃদ্ধি এবং কৃষকের আর্থিক সক্ষমতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করবে।কৃষক প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে আধুনিক কৃষি প্রযুক্তি, সমন্বিত বালাই ব্যবস্থাপনা, সুষম সার ব্যবস্থাপনা, নিরাপদ খাদ্য উৎপাদন, জৈব কৃষি ও জলবায়ু সহিষ্ণু প্রযুক্তি বিষয়ে কৃষকদের দক্ষতা বৃদ্ধি করা হবে।নারী কৃষকদের অংশগ্রহণ নিশ্চিত করার মাধ্যমে অন্তর্ভুক্তিমূলক কৃষি উন্নয়ন জোরদার করা হবে।

সেবা প্রদান কার্যক্রমের আওতায় মাঠ পর্যায়ে স্থাপিত প্রদর্শনী ও নিয়মিত ফলোআপ কার্যক্রম কৃষকদের নতুন প্রযুক্তি গ্রহণে সহায়তা করবে।মাঠ দিবস ও কৃষক সমাবেশের মাধ্যমে কৃষকদের সাথে সরাসরি মতবিনিময়, সমস্যা চিহ্নিতকরণ এবং তাৎক্ষণিক সমাধানের সুযোগ সৃষ্টি হবে।একই সঙ্গে উদ্বুদ্ধকরণ ভ্রমণের মাধ্যমে সফল কৃষি উদ্যোগ ও প্রযুক্তি সম্পর্কে কৃষকদের বাস্তব অভিজ্ঞতা অর্জনের সুযোগ প্রদান করা হবে, যা প্রযুক্তি সম্প্রসারণকে ত্বরান্বিত করবে।

প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি এবং মানবসম্পদ উন্নয়ন GPMS বাস্তবায়নের একটি গুরুত্বপূর্ণ অংশ।মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য ওয়ার্কশপ, কর্মশালা, আইসিটি ও ডিজিটাল সেবা বিষয়ক প্রশিক্ষণ এবং প্রযুক্তিগত মতবিনিময় সভা আয়োজন করা হবে।একই সঙ্গে শূন্য পদ সংক্রান্ত তথ্য নিয়মিতভাবে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করার মাধ্যমে জনবল ব্যবস্থাপনায় ভারসাম্য আনার উদ্যোগ গ্রহণ করা হবে।দক্ষ ও প্রশিক্ষিত জনবল মাঠ পর্যায়ে কৃষি সেবা কার্যক্রম আরও কার্যকরভাবে বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

ডিজিটাল কৃষি সেবা সম্প্রসারণ বর্তমান সময়ের একটি গুরুত্বপূর্ণ কৌশলগত বিষয়।কৃষককে মোবাইল ও অনলাইনে কৃষি পরামর্শ প্রদান, ই-কৃষি কার্যক্রম বাস্তবায়ন, ডি-নথিতে দাপ্তরিক কার্যক্রম সম্পন্নকরণ এবং ওয়েবভিত্তিক তথ্য ব্যবস্থাপনা জোরদারের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।এর ফলে প্রশাসনিক স্বচ্ছতা, জবাবদিহিতা এবং দ্রুত তথ্য আদান-প্রদান নিশ্চিত হবে।কৃষকরা সহজেই আবহাওয়া তথ্য, রোগবালাই ব্যবস্থাপনা, ফসল উৎপাদন কৌশল ও সরকারি সহায়তা সংক্রান্ত তথ্য গ্রহণ করতে পারবে।

উদ্ভাবন ও সংস্কার কার্যক্রমের আওতায় দাপ্তরিক কার্যক্রম ডিজিটালাইজেশন, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন, তথ্য অধিকার কার্যক্রম এবং অনলাইনে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জিআরএস পদ্ধতির মাধ্যমে অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম জোরদার করা হবে।একই সঙ্গে সিটিজেন চার্টার বাস্তবায়নের মাধ্যমে কৃষকদের সেবা গ্রহণ আরও সহজ, স্বচ্ছ ও সময়োপযোগী করা হবে।

কৃষি উপকরণের গুণগত মান নিশ্চিতকরণ এবং ভেজাল প্রতিরোধ কার্যক্রমও এ কর্মপরিকল্পনার গুরুত্বপূর্ণ অংশ।সারের নমুনা সংগ্রহ, ভেজাল সার উৎপাদন ও বাজারজাতকরণ প্রতিরোধে নিয়মিত মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হবে।পাশাপাশি উদ্যোক্তাদের মাধ্যমে জৈবসার উৎপাদন বৃদ্ধি এবং কৃষক পর্যায়ে এর ব্যবহার সম্প্রসারণে উৎসাহ প্রদান করা হবে।

ফসলের ন্যায্যমূল্য নিশ্চিতকরণ এবং কৃষি জমি সুরক্ষায় নিয়মিত তদারকি কার্যক্রম পরিচালনা করা হবে।একই সঙ্গে গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত নতুন প্রযুক্তি মাঠ পর্যায়ে সম্প্রসারণ ও ব্যবহার বৃদ্ধির মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি এবং কৃষকের আয় বৃদ্ধির সুযোগ সৃষ্টি হবে।

GPMS কর্মপরিকল্পনার সফল বাস্তবায়ন নিশ্চিত করতে নিয়মিত পরিবীক্ষণ, ত্রৈমাসিক অগ্রগতি মূল্যায়ন এবং কর্মসম্পাদনের প্রমাণক সংরক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে।মাঠ পর্যায়ের সকল অফিসকে পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং তদারকি কার্যক্রম জোরদার করা হবে।একই সঙ্গে মাঠ পর্যায়ের সমস্যাসমূহ দ্রুত সমাধানের মাধ্যমে কার্যক্রমের গতি বজায় রাখা হবে।

সার্বিকভাবে, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, শরীয়তপুর ২০২৬-২৭ অর্থবছরের GPMS কর্মপরিকল্পনার মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি, প্রযুক্তি সম্প্রসারণ, ডিজিটাল কৃষি সেবা উন্নয়ন, পরিবেশবান্ধব ও টেকসই কৃষি ব্যবস্থা গড়ে তোলা এবং কৃষকের জীবনমান উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করবে বলে প্রত্যাশা করা যায়। মাঠ পর্যায়ের অফিসসমূহের সমন্বিত প্রচেষ্টা, কার্যকর তদারকি এবং সময়োপযোগী মূল্যায়নের মাধ্যমে এ কর্মপরিকল্পনার সফল বাস্তবায়ন নিশ্চিত করা সম্ভব হবে।

# সংযোজনীসমূহ

**সংযোজনী ১: শব্দসংক্ষেপ**

| Abbreviation | Full Name |
| --- | --- |
| **MoA** | Ministry of Agriculture |
| **DAE** | Department of Agricultural Extension |
| **BARI** | Bangladesh Agricultural Research Institute |
| **BRRI** | Bangladesh Rice Research Institute |
| **BJRI** | Bangladesh Jute Research Institute |
| **BINA** | Bangladesh Institute of Nuclear Agriculture |
| **BSRI** | Bangladesh Sugarcrop Research Institute |
| **SRDI** | Soil Resource Development Institute |
| **CRI** | Cotton Development Board (often referred to by CDB) |
| **BADC** | Bangladesh Agricultural Development Corporation |
| **BARC** | Bangladesh Agricultural Research Council |
| **DAM** | Department of Agricultural Marketing |
| **BMDA** | Barind Multipurpose Development Authority |
| **DACA** | Department of Agriculture Seed Certification Agency (SCA) |
| **SCA** | Seed Certification Agency |

# সংযোজনী ২

**বিস্তারিত পরিকল্পনা (প্রযোজ্য ক্ষেত্রে)**

| ক্র. নং | ফলাফল নির্দেশক কার্যক্রম | বিস্তারিত বাস্তবায়ন পরিকল্পনা | বাস্তবায়নকারী দপ্তর/কর্মকর্তা | বাস্তবায়নের সময়কাল | পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতি |
|---|---|---|---|---|---|
| ১ | স্থাপিত প্রদর্শনী ও ফলোআপ | আধুনিক ও জলবায়ু সহিষ্ণু জাতের প্রদর্শনী স্থাপন, মাঠ পর্যায়ে নিয়মিত ফলোআপ ও কৃষক পরামর্শ প্রদান | উপজেলা কৃষি অফিস ও উপসহকারী কৃষি কর্মকর্তাবৃন্দ | খরিপ ও রবি মৌসুমভিত্তিক | মাসিক ও ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন |
| ২ | নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য উদ্বুদ্ধকরণ ভ্রমণ | সফল কৃষি প্রযুক্তি ও মডেল খামার পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ | উপজেলা কৃষি অফিস ও উপসহকারী কৃষি কর্মকর্তাবৃন্দ | প্রয়োজন অনুযায়ী | অংশগ্রহণকারীর তালিকা ও প্রতিবেদন |
| ৩ | প্রণোদনার আওতায় সহায়তা প্রাপ্ত কৃষক | ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক নির্বাচন ও কৃষি উপকরণ বিতরণ | উপজেলা কৃষি অফিস ও উপসহকারী কৃষি কর্মকর্তাবৃন্দ | মৌসুমভিত্তিক | বিতরণ তালিকা ও মনিটরিং |
| ৪ | কৃষক কার্ড বিতরণ | ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক নির্বাচন | উপজেলা কৃষি অফিস ও উপসহকারী কৃষি কর্মকর্তাবৃন্দ | প্রয়োজন অনুযায়ী | বিতরণ তালিকা ও মনিটরিং |
| ৫ | প্রশিক্ষিত কৃষক | আধুনিক কৃষি প্রযুক্তি, নিরাপদ খাদ্য উৎপাদন, আইপিএম ও সুষম সার ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ | উপজেলা কৃষি অফিস ও উপসহকারী কৃষি কর্মকর্তাবৃন্দ | বছরব্যাপী | প্রশিক্ষণ প্রতিবেদন |
| 6 | আয়োজিত মাঠ দিবস/কৃষক সমাবেশ | প্রদর্শনী প্লটে মাঠ দিবস আয়োজন, কৃষক সমাবেশ ও মতবিনিময় সভা পরিচালনা | উপজেলা কৃষি অফিস ও উপসহকারী কৃষি কর্মকর্তাবৃন্দ | বছরব্যাপী | মাঠ পরিদর্শন ও প্রতিবেদন |
| 7 | অনলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি | জিআরএস সিস্টেমে অভিযোগ গ্রহণ ও নির্ধারিত সময়ে নিষ্পত্তি | জিআরএস ফোকাল পয়েন্ট | চলমান | জিআরএস রিপোর্ট |
| 8 | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন | সিটিজেন চার্টার হালনাগাদ ও বাস্তবায়ন তদারকি | অফিস প্রধান ও ফোকাল পয়েন্ট | বছরব্যাপী | ত্রৈমাসিক মূল্যায়ন |
| 9 | তথ্য অধিকার বিষয়ক কার্যক্রম পরিচালনা | তথ্য অধিকার আইন অনুযায়ী আবেদন নিষ্পত্তি ও সচেতনতা বৃদ্ধি | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | চলমান | তথ্য অধিকার প্রতিবেদন |
| 10 | ডি-নথিতে নিষ্পত্তিকৃত ফাইলের হার | সকল দাপ্তরিক ফাইল ডি-নথির মাধ্যমে নিষ্পত্তি বৃদ্ধি | সকল শাখা | বছরব্যাপী | ডি-নথি সফটওয়্যার রিপোর্ট |
| 11 | ফসলের নতুন জাত ও গবেষণা | BRRI, BARI, BJRI ও অন্যান্য গবেষণা | উপজেলা কৃষি অফিস ও | মৌসুমভিত্তিক | প্রযুক্তি সম্প্রসারণ প্রতিবেদন |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তি সম্প্রসারণ | প্রতিষ্ঠানের প্রযুক্তি মাঠ পর্যায়ে সম্প্রসারণ | উপসহকারী কৃষি কর্মকর্তাবৃন্দ | | |
| ১২ | কৃষককে মোবাইল/অনলাইনে কৃষি পরামর্শ প্রদান | মোবাইল ফোন, সামাজিক যোগাযোগ মাধ্যম ও অনলাইন প্ল্যাটফর্মে কৃষি পরামর্শ প্রদান | উপজেলা কৃষি অফিস ও উপসহকারী কৃষি কর্মকর্তাবৃন্দ | চলমান | অনলাইন সেবা রেজিস্টার |

| ক্র.নং | ফলাফল নির্দেশক কার্যক্রম | বিস্তারিত বাস্তবায়ন পরিকল্পনা | বাস্তবায়নকারী দপ্তর/কর্মকর্তা | বাস্তবায়নের সময়কাল | পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতি |
|---|---|---|---|---|---|
| 13 | খাল খননের মাধ্যমে সংস্কারকরণ | প্রয়োজনীয়তা ও অগ্রাধিকার ভিত্তিতে বন্ধ হয়ে যাওয়া খাল খনন | উপজেলা কৃষি অফিস ও উপজেলা পরিষদ | বছরব্যাপী | মাসিক প্রতিবেদন |
| 14 | বিভিন্ন প্রকল্পসমূহের আয়োজিত প্রশিক্ষণ পরিচালনা | উন্নয়ন প্রকল্পের আওতায় কৃষক ও সম্প্রসারণ কর্মীদের প্রশিক্ষণ বাস্তবায়ন | উপপরিচালক সংশ্লিষ্ট প্রকল্প অফিস | প্রকল্প সময়সূচি অনুযায়ী | প্রকল্প অগ্রগতি প্রতিবেদন |
| 15 | কর্মকর্তাদের পরিদর্শিত মাঠ পর্যায়ের কৃষি সম্প্রসারণ কার্যক্রম | মাঠ পর্যায়ের কৃষি সম্প্রসারণ কার্যক্রম মনিটরিং ও বাস্তবায়ন | উপজেলা কৃষি অফিস | বছরব্যাপী | মনিটরিং প্রতিবেদন |
| 16 | নিস্পত্তিকৃত সার ও বালাইনাশকের পাইকারি ও খুচরা ডিলারের লাইসেন্স/নিবন্ধন/নবায়ন আবেদন প্রেরণ। | সার ও বালাইনাশকের পাইকারি ও খুচরা ডিলারের লাইসেন্স/নিবন্ধন/নবায়ন আবেদন নিরীক্ষা করে লাইসেন্স দেয়া | উপজেলা কৃষি অফিস | বছরব্যাপী | মাসিক প্রতিবেদন |
| 17 | পরিদর্শনকৃত সার ও বালাইনাশকের পাইকারি ও খুচরা ডিলার বিক্রেতা | সার ও বালাইনাশকের পাইকারি ও খুচরা ডিলার বিক্রেতার দোকান মনিটরিং | উপজেলা কৃষি অফিস | বছরব্যাপী | মনিটরিং প্রতিবেদন |
| 18 | সারের নমুনা, ভেজাল সার উৎপাদন, সংরক্ষণ ও বাজারজাতকরণে ব্যবস্থাপনা | বাজার মনিটরিং, নমুনা সংগ্রহ ও ভেজাল প্রতিরোধ কার্যক্রম | উপজেলা কৃষি অফিস | নিয়মিত | মনিটরিং প্রতিবেদন |
| 19 | শূন্য পদ সংক্রান্ত ঊর্ধ্বতনকে অবহিতকরণ | শূন্য পদের তালিকা প্রস্তুত ও ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে প্রেরণ | প্রশাসনিক শাখা | মাসিক | মাসিক প্রতিবেদন |
| 20 | উদ্যোক্তাগণের জৈবসার উৎপাদন | জৈবসার উৎপাদনে উদ্যোক্তা নির্বাচন ও কারিগরি সহায়তা প্রদান | উপজেলা কৃষি অফিস | বছরব্যাপী | উৎপাদন প্রতিবেদন |
| 21 | বৃক্ষ রোপণ কার্যক্রম পরিচালনা | রাস্তার ধারে, শিক্ষা প্রতিষ্ঠান ও বসতবাড়িতে বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়ন | ডিএই ও স্থানীয় প্রশাসন | বর্ষা মৌসুম | ত্রৈমাসিক প্রতিবেদন |
| 2২ | আয়োজিত মাঠ দিবস/কৃষক সমাবেশ | প্রদর্শনী প্লটে মাঠ দিবস আয়োজন, কৃষক সমাবেশ ও মতবিনিময় সভা পরিচালনা | জেলা ও উপজেলা কৃষি অফিস | বছরব্যাপী | মাঠ পরিদর্শন ও প্রতিবেদন |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২৩ | ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | প্রতিবেদন প্রস্তুত ও ওয়েবসাইটে প্রকাশ | অফিস প্রধান ও ফোকাল পয়েন্ট | বাৎসরিক | প্রতিবেদন ও ওয়েবসাইট স্ক্রিনশট |

# সংযোজনী ৩

**সংযোজনী ৩: কর্মসম্পাদনের প্রমাণক**

| ক্র.নং | ফলাফল নির্দেশক কার্যক্রম | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমানক |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| 1 | স্থাপিত প্রদর্শনী | স্থাপিত প্রদর্শনী সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারি শীট |
| 2 | স্থাপিত ফলোআপ | স্থাপিত ফলোআপ সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারি শীট |
| 3 | আয়োজিত মাঠ দিবস/কৃষক সমাবেশ | আয়োজিত মাঠ দিবস/কৃষক সমাবেশ সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারি শীট |
| 4 | নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য আয়োজিত উদ্বুদ্ধকরণ ভ্রমন | উদ্বুদ্ধকরণ ভ্রমন সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারি শীট |
| 5 | প্রণোদনার আওতায় সহায়তা প্রাপ্ত কৃষক | প্রণোদনা কার্যক্রম অগ্রগতি সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারি শীট |
| 6 | কৃষক কার্ড বিতরণ | কৃষক কার্ড বিতরণ সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন ও উপজেলাভিত্তিক তথ্য |
| 7 | প্রশিক্ষিত কৃষক | কৃষক প্রশিক্ষণ সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের |

| | | |
|---|---|---|
| | | সামারি শীট |
| 8 | প্রশিক্ষিত কর্মকর্তা | কর্মকর্তা প্রশিক্ষণ সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারি শীট |
| 9 | অনলাইনে প্রাপ্ত অভিযোগ নিস্পত্তি | জিআরএস সিস্টেম থেকে প্রাপ্ত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারি শীট |
| 10 | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন | সিটিজেন চার্টার, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারি শীট |
| 11 | তথ্য অধিকার বিষয়ক কার্যক্রম পরিচালনা | তথ্য অধিকার বিষয়ক প্রতিবেদন উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারি শীট |
| 12 | ডি-নথি বাস্তবায়ন অগ্রগতি | সিস্টেম সফটওয়ার থেকে ডাউনলোডকৃত ডি-নথি বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত অনুমোদিত ত্রৈমাসিক প্রতিবেদন |
| 13 | ওয়েব পোর্টাল হালনাগাদ | সিস্টেম সফটওয়ার থেকে ডাউনলোডকৃত ওয়েব পোর্টাল হালনাগাদ সংক্রান্ত অনুমোদিত ত্রৈমাসিক প্রতিবেদন |
| 14 | ফসলের নতুন জাত ও গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত অন্যান্য প্রযক্তি সম্প্রসারণ | উর্ধ্বতন দপ্তরে প্রেরিত জাতভিত্তিক প্রতিবেদন ও নতুন জাত সম্প্রসারণ সংক্রান্ত প্রতিবেদন |
| 1৫ | কৃষককে মোবাইল/অনলাইনে কৃষি পরামর্শ প্রদান | কৃষককে মোবাইল/অনলাইনে কৃষি পরামর্শ দেয়ার স্ক্রিনশট। |
| 16 | খাল খননের মাধ্যমে সংস্কারকরণ | খাল খননের মাধ্যমে সংস্কারকরণ সংক্রান্ত উপজেলাভিত্তিক প্রতিবেদন |
| 17 | কর্মকর্তাদের পরিদর্শিত মাঠ পর্যায়ের কৃষি সম্প্রসারণ কার্যক্রম | পরিদর্শন প্রতিবেদন ও সামারি শীট |
| 18 | নিস্পত্তিকৃত সার ও বালাইনাশকের পাইকারি ও খুচরা ডিলারের লাইসেন্স/নিবন্ধন/নবায়ন আবেদন | মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারি শীট |
| 19 | পরিদর্শনকৃত সার ও বালাইনাশকের পাইকারি ও খুচরা ডিলার বিক্রেতা | পরিদর্শন প্রতিবেদন ও সামারি শীট |
| 20 | সারের নমুনা, ভেজাল সার উৎপাদন, সংরক্ষণ ও বাজারজাতকরনে ব্যবস্থাপনা | সারের নমুনা, ভেজাল সার উৎপাদন, সংরক্ষণ ও বাজারজাতকরনে ব্যবস্থাপনা সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারি শীট |
| 21 | শূণ্য পদ সংক্রান্ত উর্ধ্বতনকে অবহিতকরণ | শূণ্য পদ সংক্রান্ত সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন |
| 22 | উদ্যোক্তাগণের জৈবসার উৎপাদন | উদ্যোক্তাগণের জৈবসার উৎপাদন ত্রৈমাসিক মাসভিত্তিক প্রতিবেদনের সামারি শীট |

| | | |
|---|---|---|
| 23 | জৈবসার দ্বারা আবাদকৃত জমির পরিমান | মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারি শীট |
| 24 | বৃক্ষ রোপন কার্যক্রম পরিচালনা | বৃক্ষ রোপন কার্যক্রম পরিচালনা সংক্রান্ত ত্রৈমাসিক মাসভিত্তিক প্রতিবেদনের সামারি শীট |
| 2৫ | ক্রয় পরিকল্পনা ওয়েব সাইটে প্রকাশ | প্রতিবেদন ও সামারি শীট |

# সংযোজনী ৪

**সংযোজনী ৪: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল কার্যক্রমসমূহ**

| ক্রমিক নং | কার্যক্রম | যেসকল অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল | সংশ্লিষ্ট/নির্ভরশীল অফিসের সঙ্গে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| - | - | - | - |

## উপসংহারঃ

উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর ২০২৬-২৭ অর্থবছরের জিপিএমএস (GPMS) কর্মপরিকল্পনা মাঠ পর্যায়ে কৃষি সেবা গতিশীল ও জবাবদিহিমূলক করতে একটি কার্যকর রূপরেখা হিসেবে কাজ করবে।এই পরিকল্পনার মাধ্যমে সেবার আধুনিকায়ন: আধুনিক ও জলবায়ু-সহিষ্ণু প্রযুক্তি সম্প্রসারণ, ডিজিটাল কৃষি সেবা, কৃষি যান্ত্রিকীকরণ এবং ডি-নথি কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে প্রশাসনিক স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে।

কৃষক উন্নয়ন: কৃষক প্রশিক্ষণ, তথ্য অধিকার নিশ্চিতকরণ, সেবা প্রদান প্রতিশ্রুতি রক্ষা এবং অভিযোগ প্রতিকারের সুব্যবস্থা করা সম্ভব হবে।

লক্ষ্যমাত্রা অর্জন: উপজেলা পর্যায়ের অফিসগুলোর মধ্যে সমন্বয়, নিয়মিত পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে ফসলের উৎপাদন বৃদ্ধি, খাদ্য নিরাপত্তা ও পরিবেশ সংরক্ষণ নিশ্চিত করা যাবে।

প্রাতিষ্ঠানিক সক্ষমতা: এই কর্মপরিকল্পনাটি সফলভাবে বাস্তবায়নের মাধ্যমে উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, গোসাইরহাট, শরীয়তপুর একটি দক্ষ, স্বচ্ছ, উদ্ভাবনী ও জনমুখী প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত হবে।

আসিফ আহম্মেদ
কৃষি সম্প্রসারণ অফিসার
টিম লিডার (জিপিএমএস)
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
গোসাইরহাট, শরীয়তপুর

মোঃ শাহাবুদ্দিন
উপজেলা কৃষি অফিসার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
গোসাইরহাট, শরীয়তপুর